

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮০০

৬/ রোযা (সাওম) (ﷺ)

পরিচ্ছেদঃ ৭৬. খাবারের পর কোন লোক সফরের উদ্দেশ্যে বের হলে

باب مَا جَاءَ فِيمَنْ أَكَلَ ثُمَّ خَرَجَ يُرِيدُ سَفَرًا

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ، حَدَّتَنَا سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ، حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، قَالَ أَتَيْتُ حَدَّتَنِي زَيْدُ بْنُ أَسْلَمَ، قَالَ حَدَّتَنِي مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ، عَنْ مُحَمَّدِ بْنِ كَعْبٍ، قَالَ أَتَيْتُ حَدَّتَنِي زَيْدُ بْنُ أَسْلَمَ، قَالَ حَدَيثٌ حَسَنٌ . وَمُحَمَّدُ بْنُ أَنسَ بْنَ مَالِكَ فِي رَمَضَانَ فَذَكَرَ نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . وَمُحَمَّدُ بْنُ جَعْفَرٍ هُوَ ابْنُ أَبِي كَثِيرٍ هُوَ مَدِينِيٌّ ثِقَةٌ وَهُوَ أَخُو إِسْمَاعِيلَ بْنِ جَعْفَرٍ . وَعَبْدُ اللّهِ بْنُ جَعْفَرٍ هُوَ ابْنُ نَجِيحٍ وَالِدُ عَلِيّ بْنِ عَبْدِ اللّهِ الْمَدينِيِّ وَكَانَ يَحْيَى بْنُ مَعِينٍ يُضَعِّفُهُ . وَقَدْ جَعْفَرٍ هُوَ ابْنُ نَجِيحٍ وَالِدُ عَلِيّ بْنِ عَبْدِ اللّهِ الْمَدينِيِّ وَكَانَ يَحْيَى بْنُ مَعِينٍ يُضَعِّفُهُ . وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَى هَذَا الْحَديثِ وَقَالُوا لِلْمُسَافِرِ أَنْ يُفْطِرَ فِي بَيْتِهِ قَبْلُ أَنْ يَخْرُجَ مِنْ جِدَارِ الْمَدِينَةِ أَوِ الْقَرْيَةِ . وَهُو قَوْلُ إِسْحَاقَ وَلَيْسَ لَهُ أَنْ يَقْصُرُ الصَّلاَةَ حَتَّى يَخْرُجَ مِنْ جِدَارِ الْمَدِينَةِ أَوِ الْقَرْيَةِ . وَهُو قَوْلُ إِسْحَاقَ بُن إِبْرَاهِيمَ الْحَنْظَلِيّ .

বাংলা

৮০০। মুহাম্মাদ ইবনু কাব (রহঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রামাযান মাসে আমি আনাস (রাঃ)-এর নিকট আসলাম পূর্বোক্ত হাদীসের মতই।

এ হাদীসটিকে আবু ঈসা হাসান বলেছেন। মুহাম্মাদ ইবনু জাফর হলেন ইবনু আবু কাসীর মাদীনী, তিনি একজন নির্ভরযোগ্য বর্ণনাকারী। তিনি ইসমাঈল ইবনু জাফরের ভাই। আবদুল্লাহ ইবনু জাফর হলেন ইবনু নাজীহ; তিনি আলী ইবনু আব্দুল্লাহ মাদীনীর পিতা। তাকে ইয়াহইয়া ইবনু মাঈন দুর্বল বর্ণনাকারী বলেছেন।

এ হাদীসটির ভিত্তিতে কোন কোন আলিম বলেন, কোন মুসাফির লোক বাড়ী হতে সফরের উদ্দেশ্যে বের হওয়ার পূর্বে রোযা ভঙ্গ করে পানাহার করে নিতে পারবে, কিন্তু নামায কসর করতে পারবে না তার গ্রাম বা নগরপ্রাচীর অতিক্রম না হওয়া পর্যন্ত। এরকম মতই প্রকাশ করেছেন ইসহাক ইবনু ইবরাহীম হান্যালী।



English

(Another chain) from Muhammad bin Ka'b who said: "I went to Anas bin Malik during Ramadan"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবনু কা'ব (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন